

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

সিটি কর্পোরেশন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ চৈত্র ১৪২৩ বঙ্গ/০২ এপ্রিল ২০১৭ খ্রিঃ

নং ৪৬.০৭০.০২২.০০.০০.২২৮.২০১২(অংশ).৪১১—যেহেতু, জনাব আরিফুল হক চৌধুরী,
পিতা-মরহুম শফিকুল হক চৌধুরী, বাসা নং-১, ব্লক-বি, কুমারপাড়া আ/এ, সিলেট-৩১০০ সিলেট
সিটি কর্পোরেশনের মেয়র; এবং

২। যেহেতু, তাঁর বিবুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলা ‘বিশেষ ট্রাইব্যুনাল মামলা
নং-০৮/২০০৯’ এর সম্পূরক অভিযোগপত্র গত ২২ মার্চ ২০১৭ তারিখে বিজ্ঞ স্পেশাল ট্রাইব্যুনাল,
সুনামগঞ্জ কর্তৃক গৃহীত হয়েছে; এবং

৩। যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন)
এর ধারা ১২ এর উপ-ধারা (১)-এ সিটি কর্পোরেশনের মেয়র এর বিবুদ্ধে ফৌজদারী মামলায়
অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হলে, সরকার কর্তৃক লিখিত আদেশের মাধ্যমে তাঁকে
সাময়িকভাবে বরখাস্তকরণের বিধান রয়েছে।

৪। সেহেতু, সিলেট সিটি কর্পোরেশনের মেয়র জনাব আরিফুল হক চৌধুরী কে স্থানীয় সরকার
(সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ
প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে রবখাস্ত করা হল।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহমুদুল আলম
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩২০৩)

মূল্য : টাকা ৮.০০